বিষয়ঃ জনতথ্য বিভাগের অনুকূলে স্থায়ী দাদন হিসেবে ২০,০০০/- (বিশ হাজার) টাকা অনুমোদন প্রসঙ্গে।

৫৬। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনতথ্য বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এ বিভাগের মাধ্যমে প্রতিনিয়ত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে যোগাযোগ করতে হয়। এছাড়াও সমাজের বিভিন্ন গণ্যমান্য ব্যক্তিবর্গ থেকে শুরু করে সম্মানিত সাধারণ গ্রাহকগণও বিভিন্ন তথ্য সহায়তা নেয়ার জন্য নিয়মিত অত্র বিভাগে এসে থাকেন।

৫৭। এমতাবস্থায়, উল্লেখিত সংবাদকর্মী সহ সকল ভিজিটরদের আপ্যায়ন করার প্রয়োজন হয়। কিন্তু জনতথ্য বিভাগের অনুকূলে উক্ত ব্যয়ভার বহন করার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক স্থায়ী দাদন খাতে ১০,০০০/- (দশ হাজার) টাকা মাত্র অনুমোদন দেয়া আছে ২০১৬ সালে (অনুমোদন কপি সংযুক্ত)। বর্তমান বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে আলোচ্য ব্যয় নির্বাহের জন্য স্থায়ী দাদন খাতে উক্ত টাকা ১০,০০০/- টাকা থেকে বাড়িয়ে আপ্যায়ন, অফিস রক্ষণাবেক্ষণ ও আনুষাঙ্গিক খরচ বাবদ (১০,০০০+১০,০০০)= ২০,০০০/- (বিশ হাজার) টাকায় উন্নীত করা এবং প্রতিটি একক ভাউচার ১,০০০/- টাকার স্থলে ২,০০০/- টাকা করা প্রয়োজন।

৫৮। অতএব, জনতথ্য বিভাগের অনুকূলে স্থায়ী দাদন হিসেবে ২০,০০০/-(বিশ হাজার) টাকা মাত্র নথিখানা সদয় অনুমোদনের জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর সবিনয় উপস্থাপন করা হ'ল।

২৪/০৫/২০২৫
আসমা আক্তার
এলডিএ
জনতথ্য বিভাগ, ঢাকা ওয়াসা

২৪/০৫/২০২৫
সুফিয়া খাতুন
ইউডিএ
জনতথ্য বিভাগ, ঢাকা ওয়াসা

২৪/০৫/২০২৫
তানিয়া আক্তার
কম্পিউটার অপারেটর
জনতথ্য বিভাগ, ঢাকা ওয়াসা।

২৪/০৫/২৫
মোঃ আবদুল কাদের
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

DC(AT)

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ঢাকা ওয়াসা

সিসি
তাং- ..../০৫/২০২৫